

পশ্চিমবঙ্গ সরকার  
তমলুক মহকুমা শাসকের কার্যালয়  
তমলুক :: পূর্ব মেদিনীপুর

স্মারক নং ৮২৭২/প্রম.৩

তারিখ ০২.০৫.১৭

## বিজ্ঞপ্তি

এতদ্বারা মহকুমা শাসক, তমলুক ও চেয়ারম্যান মেচাদা কেন্দ্রীয় বাস স্ট্যান্ড কমিটির পক্ষ হইতে মেচাদা কেন্দ্রীয় বাস স্ট্যান্ডের মধ্যে অবস্থিত 'শৌচালয় এবং স্নানাগার' ইজারা দেওয়ার জন্য দরপত্র আহ্বান করা হইতেছে। দরপত্র নিম্ন স্বাক্ষরকারির অফিসে রাখিত বক্সে সিলকরা খামে ৩০.০৮.২০১৯ তারিখে বেলা ২ টার মধ্যে জমা দিতে হইবে। ইচ্ছুক দরপত্র দাতাগন ঐ দিন দরপত্র খোলার সময় হাজির থাকিতে পারিবেন। নিম্নলিখিত শর্তের ভিত্তিতে ইজারা দেওয়া হইবে।

ক) ১ (এক) বৎসরের জন্য ইজারা দেওয়া হইবে।

খ) বাৎসরিক চুক্তির ভিত্তিতে ইজারা দরপত্র প্রদান করিতে হইবে।

গ) দরপত্রের সাথে ২০,০০০.০০ (কুড়ি হাজার) টাকা ব্যাঙ্ক ড্রাফট MECHADA CENTRAL BAS STAND REGIONAL TRANSPORT OFFICER(MVD) অনুকূলে আর্নেস্ট মানি হিসাবে এবং বিক্রয় কর, আয়কর, প্যান কার্ড ও প্রফেশানাল কর-এর বর্তমান সময়(২০১৮-২০১৯) পর্যন্ত পরিশোধের সার্টিফিকেট জমা দিতে হইবে।

ঘ) অনুমোদিত ইজারা প্রাপক নিম্নলিখিত হারে প্রতি ব্যক্তির ব্যবহারের জন্য অর্থ সংগ্রহ করিতে পারিবেন।

১) প্রস্রাবাগার ব্যবহারের জন্য - ১.০০ টাকা

২) শৌচালয় ব্যবহারের জন্য - ৩.০০ টাকা

৩) স্নানাগার ব্যবহারের জন্য - ৫.০০ টাকা

ঙ) সংরক্ষিত ইজারা অর্থের পরিমান ৪,৩৭,২০৮(চার লক্ষ সাঁইত্রিশ হাজার দুইশত আট) টাকা মাত্র প্রতি বৎসর।

চ) অনুমোদিত দরপত্র দাতাকে অনুমোদন পত্র পাইবার পূর্বে ৫০.০০০(পঞ্চাশ হাজার) টাকা সিকিউরিটি মানি হিসাবে জমা দিতে হইবে, এবং ১০.০০ (দশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প-এ চুক্তি করিতে হইবে।

ছ) বাৎসরিক লিজ অর্থের টাকা অনুমোদিত দরপত্র পাইবার ৭(সাত) দিনের মধ্যে জমা দিতে হইবে।

জ) শৌচালয় এবং স্নানাগার ব্যবহারের জন্য জল সরবরাহ করা হইবে। তাহাতে মোটর চালাইবার জন্য ব্যবহৃত বিদ্যুৎ বিল ইজারা প্রাপককে প্রদান করিতে হইবে।

ঝ) শৌচালয় এবং স্নানাগার -এ ব্যবহারিত আলো ও পাখার জন্য বিদ্যুৎ বিল ইজারা প্রাপককে প্রদান করিতে হইবে। এবং বৈদ্যুতিক সরঞ্জাম খারাপ হইলে অনুমোদিত ইজারা প্রাপক কিনিবে।

ঞ) শৌচালয় এবং স্নানাগার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব ও উক্ত কাজের জন্য ব্যবহৃত মালপত্রের খরচ অনুমোদিত ইজারা প্রাপক বহন করিবে।

ট) শৌচালয় এবং স্নানাগারের কোন প্রকার ক্ষয়ক্ষতি হইলে অনুমোদিত ইজারা প্রাপক তার খরচ বহন করিবে।

ঠ) সম দরপত্রের ক্ষেত্রে রেজিষ্টার্ড কো-অপারেটিভ সোসাইটি অগ্রাধিকার পাইবে।

ড) উপরিউক্ত শর্তাবলী লঙ্ঘিত হইলে ৭(সাত) দিনের নোটিশে চুক্তি বাতিল করিবার অধিকার কর্তৃপক্ষের থাকিবে।

ঢ) ইহা ছাড়া অন্যান্য সকল সরকারী নিয়মাবলী মানিয়া চলিতে অনুমোদিত ইজারাদার বাধ্য থাকিবে।

ণ) আরো কিছু বিশদ জানার থাকিলে নিম্ন স্বাক্ষর কারীর করণে যোগাযোগ করা যেতে পারে।

ত) কোন প্রকার কারণ না দর্শিয়ে সমূহ দরপত্র বাতিল বা সর্বউচ্চ দরপত্র অনুমোদন না করিবার অধিকার নিম্ন স্বাক্ষর কারীর থাকিবে।

মহকুমা শাসক, তমলুক

ও

চেয়ারম্যান

মেচাদা কেন্দ্রীয় বাস স্ট্যান্ড কমিটি,

মেচাদা, পূর্ব মেদিনীপুর।